

সংস্কৃত

ইনকিলাব

রাজধানীর শীর্ষ স্কুলে ভর্তিযুদ্ধে অভিভাবকদের ভিড়ে যানবাহন চলাচল বন্ধ


ইনকিলাব রিপোর্ট : রাজধানীর শীর্ষমানের বেসরকারী স্কুলগুলোতে চলছে ভর্তির যুদ্ধ। গতকাল আইডিয়াল স্কুলের মতিঝিল শাখায় প্রথম শ্রেণীতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সকাল সাড়ে ৯টা থেকে ১১টা পর্যন্ত পরীক্ষা গ্রহণ করা হয়। ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে সকাল ৯টার মধ্যেই হাজার হাজার অভিভাবক তাদের নিজ নিজ সন্তানকে নিয়ে স্কুলের সামনে উপস্থিত হলে এক কিরটি পশমহাসমত রূপ নেয়। এমতাবস্থায় আইডিয়াল স্কুল সামনের রাস্তায় যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। ১১টায় পরীক্ষা শেষ হলে সন্তানকে নিয়ে সকল অভিভাবকের দীর্ঘ সময় জতিবাহিত করতে হয়েছে। অভিভাবকদের দীর্ঘ অপেক্ষার সুযোগকে কাজে লাগিয়ে

রাজধানীর বিভিন্ন স্কুলের লিফলেট বিতরণ শুরু হয়। লিফলেট নিতে নিতে অভিভাবকগণ অনেকটা বিরত হয়ে পড়েন। এখানেই শেষ নয় নতুন-পুরান গরম কাপড় বিক্রয়সহ এসে তাদের পনর সাঞ্জিয়ে বাস। দীর্ঘ কয়েক ঘণ্টা অপেক্ষার সময় অভিভাবকদের প্রাকৃতিক ডাকের বিষয়ে ২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

রাজধানীর বিভিন্ন স্কুলের লিফলেট বিতরণ শুরু হয়। লিফলেট নিতে নিতে অভিভাবকগণ অনেকটা বিরত হয়ে পড়েন। এখানেই শেষ নয় নতুন-পুরান গরম কাপড় বিক্রয়সহ এসে তাদের পনর সাঞ্জিয়ে বাস। দীর্ঘ কয়েক ঘণ্টা অপেক্ষার সময় অভিভাবকদের প্রাকৃতিক ডাকের বিষয়ে ২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

ইনকিলাব :

- গতকাল
- আইডিয়াল স্কুলে
- ছিল প্রথম
- শ্রেণীর ভর্তি
- পরীক্ষা। পরীক্ষা
- চলাকালে বাইরে
- সন্তানের জন্য
- ঘণ্টার পর ঘণ্টা
- অপেক্ষমাণ
- ছিলেন হাজার
- হাজার
- অভিভাবক



রাজধানীর শীর্ষ স্কুলে ভর্তিযুদ্ধ

প্রথম পৃষ্ঠার পর ২-এর কোন চিত্তাই যেন ছিল না। অভিভাবকদের মধ্যে অনেকেই এ অমানবিক বিস্মাটি নিয়ে মন্তব্য করেছেন। একটি ভর্তি ফরম বিক্রি করা হয়েছে ৩শ টাকায়। অথচ মহিলা এবং পুরুষ অভিভাবকদের প্রাকৃতিক ডাকে সাড়া দেয়ার ব্যবস্থা স্কুল কর্তৃপক্ষ করেনি। আইডিয়াল স্কুলের মতিঝিল শাখায় প্রথম শ্রেণীতে ১২০ আসনের বিপরীতে ৪ হাজার ১৬১টি ভর্তি ফরম বিক্রি হয়েছে। আগামী ৬ জানুয়ারী মতিঝিল শাখায় ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৮ জানুয়ারী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে তৃতীয়, পঞ্চম, সপ্তম ও নবম শ্রেণীতে। উল্লেখিত শ্রেণীসমূহে ৪ হাজারের অধিক ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অবতীর্ণ হবে। সকাল ৯টা থেকে ১১টা পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষার ফলাফল ঘোষণা হবে ৮ জানুয়ারী বিকেল ৪টায়। ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ শ্রেণীর পরীক্ষার ফলাফল ঘোষণা হবে ১০ জানুয়ারী বিকেল ৪টায়। ৩য়, ৫ম, সপ্তম ও নবম শ্রেণীর ফলাফল প্রকাশিত হবে ১৩ জানুয়ারী বিকেল ৪টায়। বনশ্রী শাখায় প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষা হবে ১০ জানুয়ারী সকাল সাড়ে ৯টা থেকে ১১টা পর্যন্ত।